

২২/০১/২০১৮খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০১.১৮.১৩৬নং স্মারকে ১,০০,০০,০০০ (এক কোটি) পিস হেসিয়ান নতুন বস্তা ক্রয়ের জন্য আহত দরপত্রের বিষয়ে ০৪/০২/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত Pre-Tender সভার কার্যবিবরণী :

স্থান : অতিরিক্ত পরিচালক, সংগ্রহ এর অফিস কক্ষ
তারিখ : ০৪/০২/২০১৮ইং।
সময় : বেলা ১১.৩০ টা।
সভাপতি : জনাব মোঃ আমজাদ হোসেন
অতিঃ পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।


সভায় উপস্থিত কর্মকর্তা/দরপত্র সিডিউল ক্রয়কারী সম্ভাব্য দরদাতাদের তালিকা :

সভায় উপস্থিত দরপত্র সিডিউল ক্রয়কারী/সম্ভাব্য দরদাতাদের হাজিরা বিবরণী পরিশিষ্ট-১ এ দেখানো হলোঃ

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সম্ভাব্য দরদাতা/প্রতিনিধিগণের নিকট Pre-Tender সভা আহবানের প্রেক্ষাপট তুলে ধরেন। দরপত্র সিডিউল অনুযায়ী দরপত্র দাখিলের পদ্ধতি, শর্ত ও দরপত্রের সাথে চাহিত কাগজপত্র সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ১। দরপত্র সিডিউলের ITT-২১.১(১) এর ১৩ ও ১৪ মোতাবেক লিগ্যাল ক্যাপাসিটি ও ফিনানসিয়াল সলভেন্সি সংক্রান্ত এফিডেভিট এর প্রতি পাতায় প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ম্যানেজিং ডিরেক্টর/প্রোপ্রাইটর এর সীলযুক্ত স্বাক্ষর থাকতে হবে।
- ২। প্রতিষ্ঠান/কোম্পানীকে চুক্তিকৃত সমুদয় বস্তা অবশ্যই সরবরাহ করতে হবে। আংশিক/সম্পূর্ণ বস্তা সরবরাহে ব্যর্থ হওয়ার ক্ষেত্রে প্রকিউরিং এনটিটি/কর্তৃপক্ষ পিজি হতে ক্ষতিপূরণ আদায়সহ পিপিআর ও দরপত্র সিডিউলের শর্ত মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ কোম্পানীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৩। বস্তা সরবরাহের সময়সীমা অতিক্রান্ত হওয়ার যথেষ্ট সময় আগে প্রয়োজনীয় ক্ষেত্রে বস্তা সরবরাহের সময়সীমা বৃদ্ধির আবেদন অথবা কেন্দ্র পরিবর্তনের সম্মতিপত্র দাখিল করতে হবে।
- ৪। টেন্ডার সিকিউরিটি ও পিজি ফেরতের আবেদন অবশ্যই প্রতিষ্ঠান/কোম্পানীর চেয়ারম্যান/ম্যানেজিং ডিরেক্টর/প্রোপ্রাইটর/ চুক্তি স্বাক্ষরকারী কর্তৃক নিজস্ব লেটার হেড প্যাডে করতে হবে।
- ৫। দরপত্রের সকল কাজে কোম্পানীর/প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ ম্যানেজিং ডিরেক্টর/ প্রোপ্রাইটর এর নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
- ৬। দরপত্র সিডিউলের ITT-21.1(6) এবং 8(iii) এ উল্লেখিত দরদাতা প্রতিষ্ঠান এবং ম্যানুফ্যাকচারিং কোম্পানী উভয়েরই ২০১৫-১৬ অর্থ বছরের আয়কর পরিশোধিত থাকতে হবে।
- ৭। পিপিআর ২০০৮ এর বিধি ২৬ এর ৩ ও ৪ এর শর্ত অনুযায়ী ক্রয়কারী কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর মূল্যায়িত গ্রহণযোগ্য ১ম ২য় এবং ৩য় সর্বনিম্ন দরপত্রের জামানত ব্যতীত অন্যান্য মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রদাতাদের দরপত্র জামানত, ধারা ৫৩ এর বিধান সাপেক্ষে, তাহাদের আবেদনের প্রেক্ষিতে, ফেরত দেওয়া যাইবে এবং সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রের দরপত্রদাতার সহিত চুক্তিস্বাক্ষরের পরেই কেবল অবশিষ্ট দরপত্রসমূহের দরপত্র জামানত ফেরত দেওয়া যাইবে, তবে সকল ক্ষেত্রেই দরপত্র জামানত বৈধতার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই ফেরত দিতে হইবে।

উপস্থিত সম্ভাব্য দরদাতাগণের দরপত্রের বিষয়ে আর কোন অস্পষ্টতা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ আমজাদ হোসেন)

অতিরিক্ত পরিচালক, সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।